

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
মৎস্য-২ অধিশাখা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)

নং-৩৩.০০.০০০০.১২৭.০১.০০৫.১৯-২৯৬

তারিখঃ ২৪ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ  
০৯ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনায় জেলা প্রশাসনের সহযোগিতা প্রদান  
প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ এবং মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ বিধিমালা-১৯৮৫ এর তফসিল-২ মোতাবেক নভেম্বর ২০২১ থেকে জুন ২০২২ পর্যন্ত মোট আট মাস ২৫ সে.মি আকারের ছোট ইলিশ (জাটকা) আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ বন্ধ থাকবে। আইন বাস্তবায়নে দেশের জাটকা সমৃদ্ধ সকল নদ-নদী, মাছ ঘাট, মৎস্য আড়ৎ, হাট-বাজার, চেইনশপ ও অন্যান্য বিক্রয়কেন্দ্রে ব্যাপক অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা আবশ্যিক। এ ছাড়া কারেন্ট জাল, বেহন্দি জাল, চায়না দুয়ারি, চরঘেরা জাল ও খুটা জালসহ ৬.৫ সে.মি ফাঁসের কম ফাঁস বিশিষ্ট সকল প্রকার অবৈধ জালের উৎপাদন, বিপণন ও ব্যবহারের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।

০২। এমতাবস্থায়, নভেম্বর ২০২১ থেকে জুন ২০২২ পর্যন্ত জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম এবং সকল প্রকার অবৈধ জাল নির্মূলে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনায় যথাযথ পদক্ষেপ গ্রহণ ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটগণ ও তাঁদের অধীন সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে সদয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ  
(সুবোধ চন্দ্র ঢালী)  
যুগ্মসচিব  
ফোন-৯৫৪০২৫০

ই-মেইলঃ fisheries-2@mofl.gov.bd


মন্ত্রিপরিষদ সচিব  
মন্ত্রিপরিষদ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়

নং-৩৩.০০.০০০০.১২৭.০১.০০৫.১৯-২৯৬(৫)

তারিখঃ ২৪ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ  
০৯ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ০২। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। অতিরিক্ত সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। অফিস কপি/মাস্টার কপি।

  
(সুবোধ চন্দ্র ঢালী)  
যুগ্মসচিব